# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই উম্মাহর মাঝে যে কারণে ফজরের সালাত প্রথম ফর্সা করে আদায় করা হয়

## ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ أُسفر بِصَلَاةِ الْغَدَاةِ فِي أَوَّلِ هَذِهِ الْأُمَّةِ أَوَّلَ مَا أسفر بها

আরবী

1494 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي نَهِيكُ بْنُ يَرِيمَ: عَنْ مُغِيث بْنِ سُمَيٍّ قَالَ: صَلَّى بِنَا عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ الْغَدَاةَ فَغَلَّس فَالْتَفتُّ إِلَى ابْنِ عُمَرَ فَقُلْتُ: مَا هَذِهِ الصَّلَاةُ؟ قَالَ: هَذِهِ صَلَاتُنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِمَا فلما قُتِلَ عمر أسفر بها عثمان.

الراوي : مُغِيث بْن سُمَيٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1494 | خلاصة حكم المحدث : صحيح ـ ((الإرواء)) (1/ 279).

বাংলা

১৪৯৪. মুগীস বিন সুমাই থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আব্দুল্লাহ বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু ফজরের সালাত অন্ধকারে আদায় করেন, অতঃপর আমি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুর দিকে তাকালাম, অতঃপর আমি বললাম, “এ কেমন সালাত?” জবাবে তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবূ বকর ও উমার রাদ্বিয়াল্লাহু আনহুর সময় আমাদের সালাত এমনই ছিল। অতঃপর যখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু শাহাদাত বরণ করেন, তখন উসমান রাদ্বিয়াল্লাহু আনহু ফর্সা করে ফজরের সালাত আদায় করেন।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৬৭১; সহীহ মুসলিম: ৬১৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৭৬; সুনান বাইহাকী: ১/৪৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন